ইনকিলাব

তারিখ ... 26 JUL 2009 ...
পৃষ্ঠা ... [illegible]

জিপিএ-৫ পেয়েছে ৫২৯৩ জন

# যশোর বোর্ডে পাসের হার সর্বোচ্চ ৭৮ দশমিক ৭৭ ভাগ

**যশোর ব্যুরো :** গতকাল (শনিবার) যশোর প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। ফলাফল প্রকাশ করেন শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আমিরুল আলম খান। পাসের হার ৭৮ দশমিক ৭৭। মোট পরীক্ষার্থী ছিল ৭৪ হাজার ৬৭৩। পরীক্ষায় অংশ নেয় ৭৩২৬৪। পাস করেছে মোট ৫৭ হাজার ৭১৩ জন। বোর্ডে জিপিএ-৫ পৃঃ ১২ কঃ

## যশোর বোর্ডে পাসের

১৬-এর পৃষ্ঠার পর

পেয়েছে ২ হাজার ৯৩ জন। সাংবাদিক সম্মেলনে বোর্ডের কর্মকর্তারা বলেন, পরীক্ষা ব্যবস্থাপনা দুর্নীতিমুক্ত ও নকলমুক্ত হওয়ায় বিগত দিনগুলোর চেয়ে বর্তমানে পরীক্ষার্থীরা ভালো ফলাফল করছে। বোর্ড সূত্র জানায়, এবার শিক্ষা মন্ত্রণালয় থেকে নির্দেশনা দেয়া হয়েছে যে, পরীক্ষার খাতা কল করার সময়সীমা থাকবে মাত্র ৭ দিন। এর আগে ছিল ৩০ দিন। ৭ দিনের মধ্যে ২ দিন ছুটি থাকায় কর্মদিবস থাকবে মাত্র ৫ দিন। এ বিষয়টি পুনর্বিবেচনা করে সময়সীমা বৃদ্ধির আবেদন জানানো হতে পারে।

যশোর শিক্ষা বোর্ডের মোট ৪৮৫টি কলেজের মধ্যে মাত্র ৩টি কলেজ থেকে কেউ পাস করেনি। কলেজ ৩টি হচ্ছে সেতারা আব্বাস টেকনিক্যাল এন্ড বিএম কলেজ মোরেলগঞ্জ, বাগেরহাট, কুষ্টিয়ার দৌলতপুরের শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ ও যশোর হোম ইকোনমিক্স কলেজ। এই ৩টি কলেজ থেকে ১৫ জন পরীক্ষায় অংশ নেয়। তাদের কেউই পাস করেনি। বোর্ড সূত্র আরো জানায়, বিজ্ঞানে পাসের হার ৭২ দশমিক ৭১, মানবিকে ৭৬ দশমিক ৪৩ ও বিজনেস স্ট্যাডিজে ৮৭ দশমিক ৪৭। মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র পাস করেছে ৩১ হাজার ৪২৯, যার পাসের হার ৭৯ দশমিক ২৪ আর ছাত্রী পাস করেছে ২৬ হাজার ২৮৪, যার পাসের হার ৭৮ দশমিক ২৩।

### জিপিএ-৫প্রাপ্ত টপ টেন কলেজ

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫প্রাপ্ত টপ টেন কলেজগুলো হচ্ছে ১) যশোর ক্যান্টনমেন্ট কলেজ ২৬৫ জন জিপিএ-৫, ২) খুলনা সরকারী এম এম সিটি কলেজ, জিপিএ-৫ প্রাপ্ত ১৫২ জন, ৩) খুলনা সরকারী গার্লস কলেজ, জিপিএ-৫ প্রাপ্ত ৯৬ জন, ৪) কুষ্টিয়া সরকারী কলেজ, জিপিএ-৫ প্রাপ্ত ৮৬ জন, ৫) খুলনা পাবলিক কলেজ, জিপিএ-৫ প্রাপ্ত ৬০ জন, ৬) ঝিনাইদহ ক্যাডেট কলেজ, জিপিএ-৫ প্রাপ্ত ৪৬ জন, ৭) খুলনা নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, জিপিএ-৫ প্রাপ্ত ৪৫ জন, ৮) ঝিনাইদহ সরকারী কেসি কলেজ, জিপিএ-৫ প্রাপ্ত ৪২ জন, ৯) চুয়াডাঙ্গা সরকারী কলেজ, যশোর আব্দুর রাজ্জাক কলেজ ও যশোর হামিদপুর আল হেরা কলেজ। এই ৩টি কলেজ থেকে জিপিএ-৫ প্রাপ্ত ৩৪ জন করে, ১০) সাতক্ষীরা সরকারী কলেজ ও কলারোয়া শেখ আমানুল্লাহ কলেজ। এই ২টি কলেজ থেকে ২৮ জন করে জিপিএ-৫ পেয়েছে।